অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন নিউ ইয়র্ক স্টেটে 7.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ আসক্তি প্রতিরোধ, চিকিৎসা ও আরোগ্য পরিষেবাদি সম্প্রসারণের জন্য উপলভ্য

5.25 মিলিয়ন মার্কিন ডলার ঔষধ প্রয়োগ সহযোগী চিকিৎসা (Medication Assisted Treatment) উপলভ্যতা প্রসারণের জন্য উপলভ্য

প্রমাণ-ভিত্তিক প্রতিরোধ কৌশল (Evidence-Based Prevention Strategies) সমর্থন করার জন্য 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি

গভর্নর অ্যান্ড্রু এম.কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের আসক্তি প্রতিরোধ, চিকিৎসা ও আরোগ্য পরিষেবাদি বাড়ানোর জন্য 7.5 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থায়ন পাওয়া যাচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের মদ্যাসক্তি এবং নেশাজাতীয় দ্রব্য অপব্যবহার পরিষেবা অফিস (Office of Alcoholism and Substance Abuse Services, OASAS) কর্তৃক প্রদত্ত আবেদনগুলির অনুরোধ ধারার মাধ্যমে অর্থায়ন প্রদান করা হবে।

"আমরা আসক্তি মোকাবেলা করার জন্য এবং নিউ ইয়র্কের সকলের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সম্পদ এবং সহায়তা নিশ্চিত করার জন্য অঙ্গীকারবদ্ধ", **গভর্নর কুওমো বলেন।** "আমরা এই অগ্রগতির উপর ভিত্তি করে স্টেট জুড়ে এই রোগ প্রতিরোধ গড়ে তুলছি, আমরা শক্তিশালী এবং সুস্থ নিউ ইয়র্ক স্টেটকে উন্নীত করার জন্য এই চলমান উদ্যোগগুলির অর্থায়ন অব্যাহত রাখব।"

"আসক্তির সাথে সংগ্রামকারীদের জন্য আরোগ্য, চিকিৎসা ও সহায়তা পরিষেবার জন্য এই তহবিল নিউ ইয়র্ক স্টেটের অপিওয়েড মহামারী মোকাবেলার জন্য আমাদের আক্রমণাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হকুল, নিউ ইয়র্ক স্টে হেরোইন এবং অপিওয়েড অপব্যবহার টাস্ক ফোর্সের সহ-সভাপতি, যিনি আজ সাফোক কাউন্টিতে একটি অপিওয়েড ফোরামে আজকের ঘোষণাটি দিয়েছেন।** "অপিওয়েড সংকট অনেক নিউ ইয়র্কবাসীর জীবন নিয়ে চলছে, এবং আমরা এমন কর্মসূচিতে বিনিয়োগ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা এইসব দুঃখদায়ক ঘটনা কে একবারে শেষ করতে সহায়তা করবে।"

নিম্নলিখিত অর্থায়ন সুযোগ এই উদ্যোগের মাধ্যমে উপলভ্য।

OASAS প্রত্যয়িত চিকিৎসা প্রোগ্রামগুলির সাথে অংশীদারিতে ফেডারেল যোগ্যতা প্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে (Federally Qualified Health Centers, FQHC) ঔষধ প্রয়োগ সহযোগী চিকিৎসা (Medication Assisted Treatment, MAT) পরিষেবাদি স্থাপন করতে 3,500,000 মার্কিন ডলারঃ OASAS ফেডারেল যোগ্যতা স্বাস্থ্য কেন্দ্র (FQHCs) এর প্রতি 350,000 মার্কিন ডলার পর্যন্ত 10টি

পুরস্কার প্রদান করবে। এই অর্থায়ন FQHC গুলিকে অপিওয়েড ব্যবহার ব্যাধি পরিষেবাগুলি স্থাপন করতে সক্ষম করবে, যা প্রেসক্রাইবার ক্ষমতা বৃদ্ধি, কাউন্সেলিং, আচরণগত থেরাপির এবং আরোগ্য সহায়তা অন্তর্ভুক্ত করে। অপিওয়েড ব্যবহার ব্যাধি চিকিৎসায় ব্যবহৃত সকল তিনটি FDA -অনুমোদিত ঔষধ ব্যবহারের জন্য স্টাফ প্রশিক্ষণ দেওয়া হবে। 10 টি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট রিজয়নের (Empire State Development Regions) প্রতিটিতে একটি FQHC -তে একটি করে পুরস্কার দেওয়া হবে। FQHCs অন্তত একটি OASAS- প্রত্যয়িত প্রদানকারীর সাথে অর্থায়ন গ্রহণের জন্য অংশীদারি করতে হবে।

হাসপাতালের জরুরি বিভাগগুলিতে বিউপ্রিনোরফিন সংযোজন প্রক্রিয়া এবং সহকর্মীদের ব্যবহার করে কমিউনিটি ভিত্তিক চিকিৎসা সম্পর্কিত লিঙ্কটি কার্যকর করার জন্য 1,750,000 মার্কিন ডলারঃ জরুরি বিভাগে আসক্তি চিকিৎসার জন্য বিউপ্রিনোরফিনের প্রাপ্যতা বাড়ানোর জন্য প্রতিটিতে 350,000 মার্কিন ডলারের পাঁচটি পর্যন্ত পুরস্কার দেওয়া হবে। অপিওয়েড অপব্যবহারের দৃষ্টিকোণগুলি কীভাবে স্ক্রিন করবেন এবং প্রতিক্রিয়া জানাবেন এবং সহকর্মীদের এবং সম্প্রদায় ভিত্তিক চিকিৎসা সরবরাহকারীদের সাথে রোগীদের লিঙ্ক করার জন্য প্রোটোকলগুলি বাস্তবায়ন করবেন সেগুলোর উপরে ঔষধ সহায়তা চিকিৎসার উপর হাসপাতালের জরুরি বিভাগে কর্মীদের প্রশিক্ষণের জন্য কীভাবে অর্থায়ন করা হবে। OASAS এই সেবার জন্য উচ্চ অপূর্ণ প্রয়োজনের এলাকায় আবেদনকারীদের চিহ্নিত করেছে। যোগ্য প্রার্থীরা নিম্নলিখিত কাউন্টির মধ্যে জরুরি বিভাগঃ অ্যালজেনি, ব্রংক্স, ব্রুকলিন, ক্যাটারাগাস, শাটোকুয়া, চেনাগো, ডেলাওয়্যার, এসেক্স, হ্যামিলটন, নাসাউ, রিচমন্ড, সাফোক, সালিভান, আলস্টার, এবং ওয়ারেন। জরুরি বিভাগগুলিকে অংশীদারিত্বের সর্বোচ্চ পরিমাণ 350,000 মার্কিন ডলার (জরুরি বিভাগের জন্য 200,000 মার্কিন ডলার এবং সরবরাহকারীর জন্য 150,000 মার্কিন ডলার) সহ অর্থায়ন সংগ্রহের জন্য একটি OASAS- প্রত্যয়িত বহিরাগত প্রোগ্রামের সাথে অংশীদারি করতে হবে।

অপিওয়েড ব্যবহার ব্যাধি প্রতিরোধ করতে শ্রেণীকক্ষে PAX গুড বিহেভিয়ার গেম বাস্তবায়নের জন্য 1,815,000 মার্কিন ডলারঃ PAX গুড বিহেভিয়ার গেম (PAX Good Behavior Game), একটি প্রমাণ-ভিত্তিক প্রতিরোধ প্রোগ্রাম ব্যবহার প্রসারিত করার জন্য, OASAS প্রতিটিতে সর্বাধিক 165,000 মার্কিন ডলারের 11টি পর্যন্ত পুরস্কার প্রদান করবে। এই উদ্যোগটি শ্রেণীকক্ষ-প্রশস্ত দলভিত্তিক খেলা ফরম্যাট ব্যবহার করে এবং স্ব-নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় দক্ষতার সাথে ছাত্রদের সজ্জিত করার জন্য শক্তিশালীকরণ ব্যবহার করে। গবেষণায় দেখানো হয়েছে এটি আগ্রাসন এবং বিঘ্নিত আচরণকে হ্রাস করে, যা কিশোর ও প্রাপ্তবয়স্কদের অবৈধ মাদকের ব্যবহারের ঝুঁকির কারণ। অর্থায়ন PAX গুড বিহেভিয়ার গেম প্রতিরোধ কর্মীদের প্রশিক্ষণে সাহায্য করবে, যারা প্রোগ্রাম বাস্তবায়নের শিক্ষকদের সঙ্গে অংশ নিবে। এই প্রদানকারীর স্কুল ডিসট্রিক্ট, বা পৃথক স্কুলের সঙ্গে বিদ্যমান আনুষ্ঠানিক সম্পর্ক থাকতে হবে, বা এই প্রকল্পের জন্য তাদের স্থাপন করা আবশ্যক।

ইরি, অ্যালবেনি এবং স্কেনেক্টেডি কাউন্টিতে আপস্টেট নিউ ইয়র্ক স্থায়ী সহায়তামূলক হাউজিং (Permanent Supportive Housing, PSH) -এ বসবাসকারী পরিবারগুলিতে শক্তিশালীকরণ পারিবারিক প্রোগ্রাম (Strengthening Families Program, SFP) বিতরণ করতে 410,000 মার্কিন ডলারঃ শক্তিশালীকরণ পারিবারিক প্রোগ্রামের একটি বর্ধিত ব্যবহার সমর্থন করার জন্য প্রতিটি 205,000 মার্কিন ডলার পর্যন্ত দুটি পুরস্কার দেওয়া হবে, যা একটি প্রমাণ-ভিত্তিক প্রতিরোধ প্রোগ্রাম, যা পরিবারের স্থিতিশীলতা বজায় রাখতে, এবং নেশাজাতীয় দ্রব্য ব্যবহারের ব্যাধিগুলির সম্ভাবনা কমিয়ে আনার জন্য ডিজাইন করা হয়েছে। এই উদ্যোগের অধীনে, প্রতিরোধ প্রোগ্রাম কর্মীদের এই প্রোগ্রামে প্রশিক্ষণ দেওয়া

হবে এবং এটি ইরি, অ্যালবেনি এবং স্কেনেক্টেডি কাউন্টিতে OASAS স্থায়ী সহায়তামূলক হাউজিং প্রোগ্রামগুলিতে পরিবারগুলোকে সরবরাহ করবে।

যুব ও তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য পিয়ার চালিত আরোগ্য নেটওয়ার্ক তৈরি করতে 100,000 মার্কিন ডলারঃ নেশাজাতীয় দ্রব্য ব্যবহার ব্যাধিগুলি থেকে আরোগ্য প্রক্রিয়ার মধ্যে থাকা যুবক এবং তরুণ প্রাপ্তবয়স্কদের মধ্যে মুখোমুখি বা ভার্চুয়াল নেটওয়ার্কিংয়ের সহায়তা, সেইসাথে সেই ক্রিয়াকলাপগুলি যা পুনরুদ্ধারের প্রচার করবের জন্য তার জন্য OASAS প্রতিটিতে সর্বোচ্চ 10,000 মার্কিন ডলার পরিমাণের 10 টিরও বেশি পুরস্কার প্রদান করবে। সফল আবেদনকারীরা নিউ ইয়র্ক স্টেট অ্যালামনাই নেটওয়ার্ক এ অংশগ্রহণ করবে এবং স্টেটজুড়ে আরোগ্য প্রক্রিয়ার মধ্যে থাকা তরুণ এবং তরুণ প্রাপ্তবয়স্কদের মধ্যে নেটওয়ার্ক ইয়ুথ ভয়েসেস ম্যাটার (Youth Voices Matter) এর সাথে যৌথভাবে যুক্ত হবে।

"নিউ ইয়র্ক স্টেটে আসক্তির বিরুদ্ধে লড়াইয়ের জন্য আমাদের প্রচেষ্টা কাজ করছে, এবং এই নতুন অর্থায়নটি স্টেটের প্রতিটি অংশে পরিষেবাগুলির প্রাপ্যতা বৃদ্ধি করার জন্য গভর্নর কুওমোর দ্বারা শুরু হওয়া দুর্দান্ত কাজটি চালিয়ে যাবে,"**মদ্যাসক্তি এবং নেশাজাতীয় দ্রব্য অপব্যবহার পরিষেবাদির নিউ ইয়র্ক স্টেট অফিসের (OASAS) কমিশনার আর্লিন গনজালেজ-সানচেজ বলেন।** "আমরা এই বিস্তৃতি এবং বর্ধিতকরণের জন্য উন্মুখ, যা নিউ ইয়র্কবাসীদের তাদের বাসস্থানের কাছাকাছি পরিষেবাগুলি অ্যাক্সেস করার ক্ষমতা দেবে।"

সিনেটর পিট হ্যাকহাম, 40 তম সিনেট ডিসট্রিক্ট, সিনেট মদ্যাসক্তি এবং নেশাজাতীয় দ্রব্য অপব্যবহার কমিটির (Senate Alcoholism and Substance Abuse Committee) চেয়ারম্যান বলেন, "প্রত্যেক বয়সের এবং প্রত্যেক সামাজিক-অর্থনৈতিক গোষ্ঠীতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি নগর, শহর ও কাউন্টিতে বস্তুগত অপব্যবহার এবং আসক্তি পাওয়া যেতে পারে। গভর্নর কুওমো কর্তৃক ঘোষণা করা এই নতুন, গুরুত্বপূর্ণ তহবিলটি আরও আসক্ত ব্যক্তিদের কাছে জরুরি চিকিৎসা প্রোগ্রামগুলি উপলভ্য করবে এবং নিউ ইয়র্কের সম্প্রদায়গুলি এবং পরিবারগুলিকে অনেক বেশি জীবন শেষ করে দেওয়ার আসক্তির মারাত্মক ক্ষতিকারকতার সাথে আরও ভালভাবে মোকাবিলা করতে সহায়তা করবে।"

এই উদ্যোগগুলির প্রতিটির জন্য সম্পূর্ণ RFA এখানে দেখা যেতে পারে।

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেঁচে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবাসহ আসক্তি সেবার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা, 24/7 খোলা থাকে এমন কেন্দ্র যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই যাতে প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করা সহ অগ্রসর বিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সন প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 300,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজ বিরোধ ওষুধ দিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছে। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এই পরিস্থিতিতে নিউ ইয়র্কের অধিবাসীরা সাহায্য ও আশা খুঁজে পেতে পারে স্টেটের টোলমুক্ত হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) ফোন বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369) এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি খোলা থাকবে সপ্তাহে 7 দিন এবং দিনে 24 ঘন্টা।

FindAddictionTreatment.ny.gov এর NYS OASAS চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড (Treatment Availability Dashboard) ব্যবহার করে বা NYS OASAS ওয়েবসাইট এর মাধ্যমে ইনপেশেন্টের সঙ্কট/ডিটক্স, কমিউনিটি আবাসন, বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তি চিকিৎসা পাওয়া যাবে। আসক্তির লক্ষণ সম্পর্কে আরও জানতে, কীভাবে সাহায্য পেতে হয় তা দেখার জন্য, এবং প্রিয়জন ও কমিউনিটির সাথে আসক্তি নিয়ে কথোপকথন চালানোর জন্য প্রয়োজনীয় উপকরণ পেতে ভিজিট করুন CombatAddiction.ny.gov। অ্যালকোহল বা মাদক ব্যবহার প্রতিরোধ করার ব্যাপারে তরুণ কারো সাথে কথা বলার সাহায্যকারী উপকরণ পেতে, ভিজিট করুন স্টেটের টক2প্রিভেন্ট (Talk2Prevent) ওয়েবসাইট।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন